

## মঞ্জুরী নং- ২২

## ২৬-বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

|           | বাজেট ২০১০-১১ | প্রক্ষেপণ ২০১১-১২ | প্রক্ষেপণ ২০১২-১৩ |
|-----------|---------------|-------------------|-------------------|
| অনুন্নয়ন | 280,00,00     | 297,88,61         | 321,33,33         |
| উন্নয়ন   | 169,56,00     | 209,40,57         | 256,66,67         |
| মোট       | 449,56,00     | 509,00,00         | 578,00,00         |

## ১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

## ১.১ মিশন স্টেটমেন্ট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ বিজ্ঞান এবং প্রযুক্তি বিষয়ক গবেষণা, উন্নয়ন, প্রসার এবং এসবের সফল প্রয়োগের মাধ্যমে দেশের সার্বিক আর্থ-সামাজিক সমৃদ্ধি অর্জন।

## ১.২ প্রধান কার্যাবলি

- (ক) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক জাতীয় নীতিমালা প্রণয়ন এবং বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন;
- (খ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (এন.সি.এস.টি.) এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক জাতীয় টাস্কফোর্সের সুপারিশসমূহ বাস্তবায়ন;
- (গ) বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন সেক্টরে গবেষণা ও উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তির সাথে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানসমূহ, বেসরকারি বিজ্ঞানসেবী সংস্থা/সমিতিসমূহকে প্রয়োজনীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক জরিপ, গবেষণা, নমুনায়ন ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ এবং সেবা প্রদানের লক্ষ্যে সার্বিক সহায়তা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;
- (ঘ) বিভিন্ন দেশ এবং বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত আন্তর্জাতিক ও বিশ্ব সংস্থার সাথে সম্পর্ক স্থাপন, উন্নয়ন এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে চুক্তি ও সহযোগিতা কার্যক্রম বাস্তবায়ন;
- (ঙ) তেজস্ক্রিয় বস্তু ও পারমাণবিক জ্বালানি বিষয়ক নীতিমালা প্রণয়ন এবং পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন বিষয়ক কার্যাবলি;
- (চ) সমুদ্র সম্পদ, কেমিক্যাল মেট্রোলজি, ইলেকট্রনিক্স ও মহাকাশ বিষয়ক গবেষণাসহ অন্যান্য সম্ভাবনাময় নতুন প্রযুক্তি সম্পর্কিত গবেষণা কার্যাদি এবং দেশীয় প্রযুক্তি উদ্ভাবন, পরিচালন ও সম্প্রসারণ ইত্যাদি সমন্বয় সাধন, অবকাঠামো ও মানবসম্পদ উন্নয়ন এবং যাবতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত সেবা প্রদান;
- (ছ) বিজ্ঞানের নতুন নতুন বিষয়ের উন্নয়ন, প্রসার ও জনপ্রিয়করণ এবং গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সহযোগিতায় প্রতি বছর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্‌যাপন;
- (জ) দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ এবং এর সম্প্রসারণের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় সহায়তা করা।

## ২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

| কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য  | প্রধান কার্যক্রম  | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা  |
|--|---|---|
| ১. রূপকল্প ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ-লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উপযুক্ত নীতি প্রণয়ন ও যুগোপযোগীকরণ | <ul style="list-style-type: none"> <li>জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি প্রণয়ন ও হালনাগাদকরণ</li> <li>জাতীয় তথ্য ও যোগাযোগ নীতিমালা বাস্তবায়ন সেল গঠন এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন</li> </ul>                                    | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>  |
|  | <ul style="list-style-type: none"> <li>তথ্য প্রযুক্তি আইনের আওতায় বিধি প্রণয়ন এবং উন্নয়নে সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul>   |
| ২. তথ্য প্রযুক্তি (I.C.T.) বিষয়ে মানব সম্পদ উন্নয়ন   | <ul style="list-style-type: none"> <li>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul>   |
|  | <ul style="list-style-type: none"> <li>তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও পাঠক্রমসমূহের মান নির্ধারণ</li> </ul>  |   |
|  | <ul style="list-style-type: none"> <li>তৃণমূল পর্যায়ে পর্যন্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান</li> </ul>  |   |
|  | <ul style="list-style-type: none"> <li>স্থানীয় ও আন্তর্জাতিক বাজার উপযোগী করে আই.সি.টি পেশাজীবীদের দক্ষতা উন্নয়ন</li> </ul>   |   |
| ৩. বিজ্ঞান এবং তথ্য প্রযুক্তি ক্ষেত্রে গবেষণার প্রসার  | <ul style="list-style-type: none"> <li>গবেষকদের ফেলোশীপ, উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ প্রদান</li> <li>বিজ্ঞান গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সংশ্লিষ্ট সংস্থাসমূহ, বেসরকারি বিজ্ঞানসেবী সংস্থা/সমিতিসমূহকে অনুদান প্রদান</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ</li> </ul>   |
|  | <ul style="list-style-type: none"> <li>পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য বিজ্ঞান, জীব প্রযুক্তি ও তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন</li> <li>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ</li> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul> |
| ৪. দরিদ্র, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য তথ্য প্রযুক্তির প্রসার                                  | <ul style="list-style-type: none"> <li>জেলা পর্যায়ে তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul>   |
|  | <ul style="list-style-type: none"> <li>উপজেলা পর্যায়ে ই-কমিউনিটি কেন্দ্র স্থাপন</li> </ul>   |   |
|  | <ul style="list-style-type: none"> <li>তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষিত দক্ষ জনশক্তির কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা বৃদ্ধি</li> </ul>   |   |

| কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য  | প্রধান কার্যক্রম  | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা  |
|--|---|---|
| ৫. তথ্য প্রযুক্তির সম্প্রসারণে অবকাঠামোগত উন্নয়ন                                      | <ul style="list-style-type: none"> <li>তথ্য প্রযুক্তির বাণিজ্যিক ব্যবহারের সুযোগ সম্প্রসারণের জন্য অবকাঠামোগত সুবিধাদি যেমন - হাইটেক পার্ক, আইটি ভিলেজ, সফটওয়্যার টেকনোলজি পার্ক ইত্যাদি স্থাপন</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul>   |
|  | <ul style="list-style-type: none"> <li>জাতীয় প্রযুক্তি বিনিময় কেন্দ্র (National Technology Transfer Centre) স্থাপন</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>  |
|  | <ul style="list-style-type: none"> <li>অফিসের তথ্য ব্যবস্থাপনা ও সংরক্ষণে ডিজিটাল ব্যবস্থা প্রচলন</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>  |
|  | <ul style="list-style-type: none"> <li>গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় এবং সরকারি সংস্থায় ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা প্রদান</li> <li>বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত মন্ত্রণালয়সমূহকে W.A.N. এর আওতায় আনয়ন</li> <li>ই-কন্টেন্ট এবং ই-সার্ভিস উন্নয়ন</li> </ul>                                 | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল</li> </ul>                             |
| ৬. আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিবেশ-বান্ধব জীবপ্রযুক্তি ও টেকসই প্রযুক্তির প্রসার | <ul style="list-style-type: none"> <li>জেলা ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান প্রদর্শনী/অলিম্পিয়াড আয়োজন</li> <li>বিনোদনের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক জ্ঞান দান ও উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ ও সহায়তা প্রদান;</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর</li> </ul>                       |
|  | <ul style="list-style-type: none"> <li>সাম্প্রদিক সম্পদ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>  |
|  | <ul style="list-style-type: none"> <li>বিজ্ঞান এবং প্রযুক্তিগত তথ্য ও উপাত্ত দেশ-বিদেশ থেকে সংগ্রহ, সংরক্ষণ ও সর্বস্তরে বিতরণ</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্সডক)</li> </ul> |
|  | <ul style="list-style-type: none"> <li>অপ্রচলিত জ্বালানি (যেমন-বায়োগ্যাস, বায়োমাস, বায়োডিজেল, সৌরশক্তি, বায়ু শক্তি, হাইড্রো ইত্যাদি) বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা ও উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ</li> </ul>                                     |
|  | <ul style="list-style-type: none"> <li>জনস্বাস্থ্য এবং খাদ্যের গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে গবেষণা পরিচালনা এবং গবেষণায় উদ্ভাবিত প্রযুক্তির ব্যবহার</li> </ul>  | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ</li> </ul>                                     |
| ৭. প্রযুক্তি নির্ভর সেবা প্রদান  | <ul style="list-style-type: none"> <li>বিদ্যমান পরমাণু চিকিৎসা কেন্দ্রের সংস্কার ও যুগোপযোগীকরণ এবং নতুন পরমাণু চিকিৎসা কেন্দ্র স্থাপন</li> <li>ডায়াগনস্টিক ল্যাবসমূহ এবং চিকিৎসা সেবায় ব্যবহৃত তেজস্ক্রিয় যন্ত্রপাতির মান নির্ধারণ</li> <li>রেডিও আইসোটোপ উৎপাদনের মাধ্যমে</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন</li> </ul>   |

| কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য          | প্রধান কার্যক্রম  | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা  |
|--------------------------------------|---|---|
|                                      | <p>রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান</p> <ul style="list-style-type: none"> <li>শল্য চিকিৎসায় ব্যবহৃত বিভিন্ন প্রকার টিস্যু গ্রাফট প্রস্তুত এবং বিকিরণের সাহায্যে জীবানুমুক্ত করে বিভিন্ন হাসপাতালে সরবরাহ করা</li> <li>নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের প্রাদুর্ভাব সনাক্তকরণ</li> </ul>   |   |
|                                      | <ul style="list-style-type: none"> <li>দেশে উৎপাদিত এবং আমদানি ও রপ্তানি পণ্যের গুণগত মান নির্ধারণ ও নিশ্চিত করার লক্ষ্যে যাবতীয় পরীক্ষা-নিরীক্ষা, গবেষণা সুবিধাদি সৃষ্টির মাধ্যমে বাণিজ্য, শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে মূল প্রযুক্তিক সেবা প্রদান</li> <li>হারবাল মেডিসিন বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা</li> </ul>   | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ</li> </ul> |
| ৮. পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার | <ul style="list-style-type: none"> <li>রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে প্রাথমিক কার্যাবলি সম্পাদন</li> <li>বিদ্যমান পরমাণু কেন্দ্রসমূহ শক্তিশালীকরণ এবং নতুন পরমাণু কেন্দ্র স্থাপন</li> <li>নিউক্লিয়ার এ্যানালাইটিক্যাল টেকনিক প্রয়োগোপযোগী গবেষণাগার স্থাপন</li> <li>জীবন সম্পদ ও পরিবেশ রক্ষা/ উন্নয়নে পরমাণু প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ</li> </ul> | <ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন</li> </ul>           |

### ৩. দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

#### ৩.১ দারিদ্র নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

##### ৩.১.১ রূপকল্প ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ- লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উপযুক্ত নীতি প্রণয়ন ও যুগোপযোগীকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে দারিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষার উন্নয়ন ও সামগ্রিক কল্যাণ সাধন করে এমন বিষয়গুলোকে সংযুক্ত করে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নীতি হালনাগাদ, প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া তথ্য প্রযুক্তির উন্নয়নে সমন্বিত কর্মপরিকল্পনায় দারিদ্র জনগোষ্ঠীর সামগ্রিক আর্থ-সামাজিক কল্যাণ সাধিত হবে এমন বিষয়াদি সন্নিবেশ করা হয়েছে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক নীতিমালা হালনাগাদ, প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে নারীর প্রয়োজনের প্রতি বিশেষ লক্ষ্য রাখার মাধ্যমে নারীর সামগ্রিক কল্যাণ সাধিত হবে। এছাড়া তথ্য প্রযুক্তির উন্নয়নে সমন্বিত কর্মপরিকল্পনায় নারীর কল্যাণ সাধিত হবে এমন বিষয়াদি সন্নিবেশ করা হয়েছে।

### ৩.১.২ তথ্য প্রযুক্তি (I.C.T.) বিষয়ে মানব সম্পদ উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দরিদ্র জনগোষ্ঠীকে তথ্য প্রযুক্তি ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান এবং তথ্য প্রযুক্তি কেন্দ্রসমূহে তাঁদেরকে সম্পৃক্তকরণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান ও আয়বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি করা হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারীর জন্য পৃথক প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণে নারীকে সম্পৃক্ত করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে। এর মাধ্যমে নারীর ক্ষমতায়ন, কর্ম দক্ষতা বৃদ্ধি ও আয়বর্ধক কর্মে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

### ৩.১.৩ বিজ্ঞান এবং তথ্য প্রযুক্তি ক্ষেত্রে গবেষণার প্রসার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে কৃষি, মৎস্য এবং অকৃষিজাত কার্যক্রমে গবেষণার মাধ্যমে উদ্ভাবিত উন্নত প্রযুক্তি ব্যবহারের প্রসারের ফলে দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান ও আয়বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি হবে। তথ্য প্রযুক্তি ব্যবহারের ফলে সরকারের দারিদ্র্য হ্রাস কর্মসূচির পরিবীক্ষণ এবং মূল্যায়ণ জোরদার হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ প্রভাব নেই। তবে উন্নততর প্রযুক্তির ব্যবহার নারীর দৈনিক কর্মঘণ্টা হ্রাসে ভূমিকা রাখবে এবং মেধাভিত্তিক শ্রম বাজার এবং আয়বর্ধক কাজে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে। তথ্য প্রযুক্তি ব্যবহারের ফলে নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয়সমূহের ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার করা সহজ হবে।

### ৩.১.৪ দরিদ্র, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য তথ্য প্রযুক্তির প্রসার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ উপজেলা পর্যায়ে তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র ও ই-কমিউনিটি কেন্দ্র স্থাপনের ফলে দরিদ্রদের জন্য তথ্য প্রাপ্তির সুযোগ সৃষ্টি হবে। চাহিদা এবং যোগানের মধ্যে ফাঁড়িয়া/দালালদের ক্ষমতা খর্ব হবে এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য বাণিজ্যিক সুবিধা প্রাপ্তি সহজ হবে। সুশাসন প্রতিষ্ঠায় তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর সরকারি সেবায় প্রবেশ বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ তথ্য প্রযুক্তি কেন্দ্রে নারীকে অগ্রাধিকার দিয়ে এবং তথ্য প্রযুক্তি কেন্দ্রের কাজে নারীকে সরাসরি সম্পৃক্তকরণের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য ও শ্রমবাজারে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

### ৩.১.৫ তথ্য প্রযুক্তির সম্প্রসারণে অবকাঠামোগত উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দারিদ্র্য নিরসনে পরোক্ষ ভূমিকা রাখবে। অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রমে দরিদ্র জনগোষ্ঠীর প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারী উন্নয়নে পরোক্ষ ভূমিকা রাখবে। অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রমে নারীদের সম্পৃক্তকরণের মাধ্যমে সীমিত আকারের নারীর কর্মসংস্থান হবে।

### ৩.১.৬ আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিবেশ-বান্ধব জীবপ্রযুক্তি ও টেকসই প্রযুক্তির প্রসার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দরিদ্র জনগোষ্ঠীকে সম্পৃক্ত করার লক্ষ্যে বিজ্ঞান অলিম্পিয়াড, বিজ্ঞান বিষয়ক তথ্যচিত্র, প্রদর্শনী, সেমিনার ইত্যাদি আয়োজন করে তাঁদেরকে বিজ্ঞান শিক্ষায় ও আধুনিক প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করা হবে। দেশ-বিদেশের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক আধুনিক ও সর্বশেষ তথ্য এবং নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে বিশেষত অপ্রচলিত জ্বালানি যেমন- সৌর বিদ্যুৎ, বায়োগ্যাস ইত্যাদি ক্ষেত্রে উন্নততর প্রযুক্তি উদ্ভাবনের দ্বারা অব্যবহৃত/স্বল্প ব্যবহৃত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার প্রচেষ্টা নেয়া হবে। ফলশ্রুতিতে দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহজলভ্য সম্পদের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে তাঁদের আয় বৃদ্ধি এবং জীবনযাপনের মান উন্নয়নে ভূমিকা রাখা সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ নারী কর্তৃক ব্যবহার্য ক্ষেত্রে যেমন-গৃহকর্মে ব্যবহারযোগ্য নিরাপদ এবং খাবারযোগ্য দূষণমুক্ত (আর্সেনিকমুক্ত) পানি সরবরাহের উপর গবেষণা পরিচালনার মাধ্যমে নারী উন্নয়নে

ভূমিকা রাখা সম্ভব হবে। বিজ্ঞান বিষয়ক জ্ঞান ত্বর্ণমূল পর্যায়ে পৌঁছে দেওয়ার মাধ্যমে নারীর অংশগ্রহণ ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পাবে এবং নারীর ক্ষমতায়ন হবে।

### ৩.১.৭ প্রযুক্তি নির্ভর সেবা প্রদান

**দারিদ্র নিরসনের উপর প্রভাবঃ** দরিদ্র জনগোষ্ঠীকে স্বল্পমূল্যে উন্নততর পরমাণু চিকিৎসা ও স্বাস্থ্য সেবা প্রদান এবং খাদ্যের গুণগত মান নির্ধারণে সহায়তা প্রদান করা হচ্ছে। সুলভে এবং অপেক্ষাকৃত নিকটবর্তী স্থানে সেবা প্রাপ্তির ফলে চিকিৎসা সেবার আনুষঙ্গিক ব্যয় হ্রাস করা সম্ভব হবে। এছাড়াও দেশীয় লতাগুলু থেকে নতুন নতুন ঔষধ প্রক্রিয়াকরণ পদ্ধতি আবিষ্কারের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য চিকিৎসা সেবা প্রাপ্তি সুলভ ও সহজলভ্য হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাবঃ** তেজস্ক্রিয় আইসোটোপ ব্যবহার করে পরমাণু চিকিৎসা ব্যবস্থার আওতায় বিশেষ করে নারীদের কয়েকটি জটিল রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। এতে নারীর সরকারি সেবা লাভের সুযোগ বৃদ্ধি পাবে।

### ৩.১.৮ পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার

**দারিদ্র নিরসনের উপর প্রভাবঃ** পারমাণবিক উৎস থেকে বিদ্যুৎ উৎপাদন করে সার উৎপাদন, সেচ ইত্যাদি কার্যক্রম নিরবচ্ছিন্ন করার মাধ্যমে কৃষি উৎপাদন ও বিদ্যুৎ নির্ভর অন্যান্য অকৃষিজাত উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচনে ভূমিকা রাখা সম্ভব হবে। আমদানিকৃত খাদ্যের তেজস্ক্রিয়তা পরীক্ষা এবং দেশের অভ্যন্তরে পারমাণবিক বিকিরণ নিয়ন্ত্রণের নানা উদ্যোগের মাধ্যমে জনগণকে এসবের ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করা সম্ভব হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাবঃ** নারী উন্নয়নে পরোক্ষ ভূমিকা রাখবে।

### ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ           | বাজেট ২০১০-১১ | প্রক্ষেপণ ২০১১-১২ | প্রক্ষেপণ ২০১২-১৩ |
|-----------------|---------------|-------------------|-------------------|
| দারিদ্র্য নিরসন | ৪৫,২৯,২৪      | ৫২,১০,৭৪          | ৬৩,৬৮,৬২          |
| নারী উন্নয়ন    | ২২,৫২,৫৬      | ২৫,৩৮,৬২          | ৩১,০০,০৪          |

## ৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

| অগ্রাধিকার সম্পন্ন খাত/কর্মসূচি   | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য  |
|---|--|
| ১. রূপকল্প ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ<br>দক্ষ জনবল, অবকাঠামো এবং উদ্যোক্তা তৈরির মাধ্যমে তথ্য প্রযুক্তি খাতকে বাংলাদেশে বৈদেশিক মুদ্রা অর্জনকারী সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ খাত হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে।  | <ul style="list-style-type: none"> <li>রূপকল্প ২০২১ : ডিজিটাল বাংলাদেশ-লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উপযুক্ত নীতি প্রণয়ন ও যুগোপযোগীকরণ</li> <li>দরিদ্র, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য তথ্য প্রযুক্তির প্রসার</li> <li>তথ্য প্রযুক্তির সম্প্রসারণে অবকাঠামোগত উন্নয়ন</li> </ul> |
| ২. পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার সম্প্রসারণঃ<br>বাংলাদেশের বিশাল জনগোষ্ঠীর জন্য দেশের বিভিন্ন অঞ্চলে সহজে এবং সুলভে উন্নততর পরমাণু প্রযুক্তি নির্ভর চিকিৎসা/স্বাস্থ্য সেবা নিশ্চিত করার মাধ্যমে দেশের জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষায় উলেখযোগ্য অবদান রাখা সম্ভব হবে। অন্যদিকে, দেশের বিদ্যুৎ | <ul style="list-style-type: none"> <li>প্রযুক্তি নির্ভর সেবা প্রদান</li> <li>পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার</li> </ul>  |

| অগ্রাধিকার সম্পন্ন খাত/কর্মসূচি  | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য   |
|--|---|
| <p>ঘাটতি নিরসনে অন্যান্য যে কোন খনিজ জ্বালানি অপেক্ষা পারমাণবিক বিদ্যুৎ অধিক পরিবেশ-বান্ধব এবং অর্থনৈতিক দিক দিয়ে সাশ্রয়ী option হিসেবে বিবেচিত বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p>   |   |
| <p><b>৩. জীবপ্রযুক্তি ব্যবহারে গণসচেতনতা সৃষ্টি এবং দরিদ্র জনগোষ্ঠীর জন্য উপযোগী টেকসই পরিবেশ-বান্ধব প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা ও উন্নয়নঃ</b></p> <p>কৃষি এবং শিল্পসহ অন্যান্য অকৃষিজাত খাতে উৎপাদন বৃদ্ধির জন্য জীনপ্রকৌশল (Genetic Engineering) প্রয়োগের মাধ্যমে পরিবেশ-বান্ধব নতুন নতুন উচ্চ ফলনশীল জাত (Variety) উদ্ভাবন, জ্বালানি সাশ্রয়ে অপচলিত জ্বালানির ব্যবহার এবং জীব প্রযুক্তির ব্যবহারে গণসচেতনতা সৃষ্টি করা প্রয়োজন। এছাড়া জনস্বাস্থ্য এবং খাদ্যের গুণগতমান উন্নয়নে ক্ষতিকর/বিষাক্ত পদার্থ মুক্ত খাদ্যদ্রব্য ও বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে খাদ্যের সঠিক প্রক্রিয়াজাতকরণ, পানি বিশুদ্ধকরণ ফিল্টার, সুস্বাদু, প্রোটিন সমৃদ্ধ এবং উন্নত মানের খাদ্য প্রস্তুতের টেকসই পরিবেশবান্ধব প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা ও উন্নয়নের জন্য এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p> | <ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিবেশ-বান্ধব জীবপ্রযুক্তি ও টেকসই প্রযুক্তির প্রসার</li> </ul>   |
| <p><b>৪. বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়কে মডেল ই-গভর্নেন্স মন্ত্রণালয় হিসেবে প্রতিষ্ঠাঃ</b></p> <p>ই-গভর্নেন্সের বিশেষত গভর্নমেন্ট টু গভর্নমেন্ট (A2A) ক্ষেত্রে মন্ত্রণালয় পর্যায়ে দাপ্তরিক কর্মকাণ্ডে ডিজিটাল তথ্য প্রযুক্তি ব্যবস্থা প্রচলনের মাধ্যমে এ ব্যবস্থার দক্ষতা, উপযোগিতার বাস্তব প্রয়োগ প্রদর্শনপূর্বক অন্য মন্ত্রণালয় এবং সরকারি-বেসরকারি দপ্তর, সংস্থাসমূহকে উদ্যোগী করে তোলার উদ্দেশ্যে এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p>  | <ul style="list-style-type: none"> <li>রূপকল্প ২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ-লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে উপযুক্ত নীতি প্রণয়ন ও যুগোপযোগীকরণ</li> <li>তথ্য প্রযুক্তির সম্প্রসারণে অবকাঠামোগত উন্নয়ন</li> </ul> |
| <p><b>৫. সমৃদ্ধ সম্পদ সম্পর্কিত গবেষণা কার্যক্রম পরিচালনার নিমিত্ত অবকাঠামো নির্মাণঃ</b></p> <p>বঙ্গোপসাগরের বাংলাদেশী জলসীমায় অবস্থিত অব্যবহৃত/স্বল্প ব্যবহৃত বিশাল সামুদ্রিক সম্পদের সর্বোচ্চ, যথাযথ ও স্থায়ীত্বশীল (sustainable) ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য যথোপযুক্ত অবকাঠামো ও মানব সম্পদের উন্নয়নের জন্য এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।</p>  | <ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে পরিবেশ-বান্ধব জীবপ্রযুক্তি ও টেকসই প্রযুক্তির প্রসার</li> </ul>   |

**প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)**

| নির্দেশক                                     | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | লক্ষ্যমাত্রা ২০০৮-০৯ | প্রকৃত ২০০৮-০৯ | লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা |         |         |
|--|---------------------------|--------------|----------------------|----------------|----------------------|------------------------------|--------------------------|---------|---------|
|  |                           |              |                      |                |                      |                              | ২০১০-১১                  | ২০১১-১২ | ২০১২-১৩ |
| ১. নতুন প্রযুক্তি উদ্ভাবন                    | ৪, ৭                      | সংখ্যা       | ৭৭                   | ৬৬             | ৭৯                   | ৭৮                           | ১০১                      | ১১০     | ১১৯     |
| ২. কর্মসংস্থান সৃষ্টি করা                    | ৪                         | সংখ্যা       | ৬,৪১৮                | ৩,৯১৮          | ৯,০০০                | ৯,০০০                        | ৯,৫০০                    | ২১,০০০  | ২২,০০০  |
| ৩. সফটওয়্যার উন্নয়ন ও ই-সার্ভিসেস ডেলিভারী | ৪, ৫                      | সংখ্যা       | -                    | -              | ৫০                   | ৫০                           | ১০০                      | ২০০     | ৩০০     |
| ৪. পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন          | ৮                         | অগ্রগতি %    | ১                    | ১              | ৩                    | ৪                            | ৭                        | ১০      | ১৫      |
| ৫. মানব সম্পদ উন্নয়ন                        | ২, ৩, ৪                   | জন           | ৫,১২০                | ৫,৭৯৭          | ৫,২৭৫                | ৫,৪৭৫                        | ৭,৩৩০                    | ৭,৯৮০   | ৮,৭৩০   |

**৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল**

**৫.১ সচিবালয়**

**৫.১.১ সাম্প্রতিক অর্জনঃ** ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে (১) জাতীয় বিজ্ঞান এবং প্রযুক্তি নীতিমালা সংশোধন, (২) মন্ত্রণালয়ের Allocation of Business এ আইসিটি সন্নিবেশ, (৩) ব্যাপডক আইন-২০০৯, (৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন-২০০৯, (৫) বাংলাদেশ বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন-২০০৯, (৬) ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি আইন-২০০৯ এবং (৭) বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০০৯ প্রণয়ন ও অনুমোদন করা হয়েছে। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন এবং আই.সি.টি. নীতিমালা-২০০৯ সহ জাতীয় জীব প্রযুক্তি নীতিমালা প্রণীত হয়েছে। ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি স্থাপিত হয়েছে। মন্ত্রণালয়/বিভাগসহ সকল সরকারি অফিসের ওয়েবসাইট এড্রেস আন্তর্জাতিক প্রথা অনুযায়ী .gov.bd ডোমেইন যুক্ত করে প্রমিত করা হয়েছে। দেশে উৎপাদিত কম্পিউটার সফটওয়্যার-এর মেধাসত্ত্ব সংরক্ষণের জন্য কপিরাইট আইন ২০০০-এর প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। বঙ্গবন্ধু ফেলোশীপ পুনঃপ্রবর্তন করা হয়েছে। ২০০৯-১০ অর্থবছরে ১৮৫টি বিজ্ঞান বিষয়ক গবেষণা উদ্যোগে আর্থিক সহায়তা এবং ৪০৯ জন বিজ্ঞান শিক্ষার্থী/গবেষককে ফেলোশীপ প্রদান করা হয়েছে। আইসিটি হার্ডওয়্যার ও সফটওয়্যার সহজলভ্যকরণ ও কর্মসংস্থান সৃষ্টির জন্য হাইটেক পার্ক ও আইটি ভিলেজ স্থাপনের উদ্যোগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। উদ্ভাবিত লাগসই প্রযুক্তির প্রসারের লক্ষ্যে সকল বিভাগ ও জেলা পর্যায়ে সেমিনার, প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। উপজেলা পর্যায়ে স্কুল-কলেজে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে।

**৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য**

| প্রধান কার্যক্রমসমূহ   | কার্যক্রমের ফলাফল  | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|--|--|---------------------------|
| ১. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি প্রণয়ন ও হালনাগাদকরণ                                     | • অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণে সহায়ক হবে  | ১                         |
| ২. জাতীয় তথ্য ও যোগাযোগ নীতিমালা বাস্তবায়ন সেল গঠন এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন | • জাতীয় তথ্য ও যোগাযোগ নীতিমালা বাস্তবায়ন সেল গঠন<br>• জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০০৯-এর বাস্তবায়ন ও মনিটরিং অব্যাহত রেখে রূপকল্প ২০২১ এর লক্ষ্য অর্জন | ১                         |
| ৩. তথ্য প্রযুক্তি আইনের আওতায় বিধি প্রণয়ন এবং উন্নয়নে সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ         | • তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের আওতায় প্রয়োজনীয় বিধি প্রণয়ন   | ১                         |

| প্রধান কার্যক্রমসমূহ   | কার্যক্রমের ফলাফল   | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|--|---|---------------------------|
| ৪. গবেষকদের ফেলোশীপ, উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ প্রদান  | <ul style="list-style-type: none"> <li>৩০০ গবেষককে ফেলোশীপ প্রদান</li> </ul>  | ৩                         |
| ৫. বিজ্ঞান গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সংশ্লিষ্ট সংস্থাসমূহ, বেসরকারি বিজ্ঞানসেবী সংস্থা/সমিতিসমূহকে অনুদান প্রদান | <ul style="list-style-type: none"> <li>১৫০টি গবেষণা প্রকল্পে অনুদান প্রদান</li> <li>বঙ্গবন্ধু ফেলোশীপ কার্যক্রমের আওতায় ২০০ জনের জন্য উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টি</li> </ul>   | ৩                         |
| ৬. পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য বিজ্ঞান, জীব প্রযুক্তি ও তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা                        | <ul style="list-style-type: none"> <li>২০ জনের জন্য উন্নততর প্রশিক্ষণের ব্যবস্থা করা</li> <li>ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজির অধীন ১৩টি গবেষণা কার্যক্রম পরিচালনা</li> </ul>  | ৩                         |
| ৭. জাতীয় প্রযুক্তি বিনিময় কেন্দ্র (National Technology Transfer Centre) স্থাপন   | <ul style="list-style-type: none"> <li>জাতীয় প্রযুক্তি বিনিময় কেন্দ্রের অবকাঠামো তৈরি</li> </ul>  | ৫                         |
| ৮. অফিসের তথ্য ব্যবস্থাপনা ও সংরক্ষণে ডিজিটাল ব্যবস্থা প্রচলন  | <ul style="list-style-type: none"> <li>২০১১ সালের মধ্যে কার্যপত্র, কার্যবিবরণী, ফাইল পদ্ধতি ডিজিটালাইজেশনের সূচনাকরণ</li> </ul>   | ৫                         |
| ৯. গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় এবং সরকারি সংস্থায় ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধা প্রদান  | <ul style="list-style-type: none"> <li>সকল গুরুত্বপূর্ণ সরকারি অফিসে তথ্য প্রযুক্তির সুবিধা সম্প্রসারণ</li> </ul>   | ৫                         |
| ১০. বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত মন্ত্রণালয়সমূহকে W.A.N. এর আওতায় আনয়ন  | <ul style="list-style-type: none"> <li>মন্ত্রণালয়সমূহের মধ্যে আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠায় সচিবালয়ে অবস্থিত সকল মন্ত্রণালয়কে W.A.N. এর আওতায় আনা</li> </ul>   | ৫                         |
| ১১. ই-কনটেন্ট এবং ই-সার্ভিস উন্নয়ন  | <ul style="list-style-type: none"> <li>ই-কনটেন্ট এবং ই-সার্ভিস উন্নয়নে প্রয়োজনীয় সুবিধাদি সৃষ্টি</li> </ul>  | ৫                         |
| ১২. জেলা ও জাতীয় পর্যায়ে বিজ্ঞান প্রদর্শনী/অলিম্পিয়াড আয়োজন  | <ul style="list-style-type: none"> <li>প্রতিবছর ৬৪টি জেলায় স্কুল ও কলেজ পর্যায়ে একটি জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের আয়োজন</li> </ul>   | ৬                         |
| ১৩. বিনোদনের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক জ্ঞান দান ও উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ ও সহায়তা প্রদান   | <ul style="list-style-type: none"> <li>প্রতিদিন (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে ৫টি প্রদর্শনীর আয়োজন</li> <li>অনানুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে জ্যোতির্বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কে প্রতিদিন ৮-২৫ জনকে প্রাথমিক ধারণা প্রদান</li> </ul> | ৬                         |
| ১৪. সামুদ্রিক সম্পদ বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা   | <ul style="list-style-type: none"> <li>সমুদ্র সম্পদ গবেষণার জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরি</li> </ul>   | ৬                         |

## ৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

| ফলাফল নির্দেশক  | পরিমাণের একক   | প্রকৃত ২০০৮-০৯ | লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা |           |           |
|---|----------------|----------------|----------------------|------------------------------|--------------------------|-----------|-----------|
|   |                |                |                      |                              | ২০১০-১১                  | ২০১১-১২   | ২০১২-১৩   |
| ১। অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষার জন্য প্রদর্শনীর আয়োজন            | সংখ্যা         | ১,০৬৫          | ১,১০০                | ১,১০০                        | ১,১০০                    | ১,১০০     | ১,১০০     |
| ২। আগত দর্শনার্থীদের প্রদর্শনীর মাধ্যমে মহাকাশ বিজ্ঞান শিক্ষা দান | লক্ষ জন        | ১.৮২           | ১.৮৩                 | ১.৮৪                         | ১.৮৫                     | ১.৯০      | ১.৯৫      |
| ৪। জীব প্রযুক্তি বিষয়ক গবেষণা ও উন্নয়ন                          | সংখ্যা জন      | ০৮<br>৫০       | ০৮<br>১৫০            | ০৮<br>২০০                    | ১০<br>২৫০                | ১২<br>৩০০ | ১৩<br>৪০০ |
| ৫। গবেষকদের ফেলোশীপ প্রদান  | জন             | ৪৮০            | ৪০৯                  | ৪০৯                          | ৫০০                      | ৬০০       | ৭০০       |
| ৬। বিজ্ঞান গবেষণার ক্ষেত্রে বিশেষ অনুদান প্রদান                   | প্রকল্প সংখ্যা | ১৪৮            | ১৮৫                  | ১৮৫                          | ২৫০                      | ৩৫০       | ৪৫০       |

## ৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

| বিবরণ     | বাজেট ২০০৯-১০ | সংশোধিত ২০০৯-১০ | প্রাক্কলন ২০১০-১১ | প্রক্ষেপণ |          |
|-----------|---------------|-----------------|-------------------|-----------|----------|
|           |               |                 |                   | ২০১১-১২   | ২০১২-১৩  |
| অনুন্নয়ন | ১০,১৬,২১      | ৯,৯৯,৯২         | ১১,৯০,৬২          | ১১,৪৫,৫৭  | ১১,৬১,২৫ |
| উন্নয়ন   | ৭,৮৫,০০       | ১,৯৫,০০         | ৩৭,৩১,০০          | ৪৪,১৪,৪৪  | ৮৬,৯৯,৫১ |
| মোট       | ১৮,০১,২১      | ১১,৯৪,৯২        | ৪৯,২১,৬২          | ৫৫,৬০,০১  | ৯৮,৬০,৭৬ |

## ৫.১.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

| অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম  | সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম |
|---|----------------------------|
| অপারেশন ইউনিট   |                            |
| ১। সচিবালয়   |                            |
| অনুমোদিত প্রকল্প  |                            |
| ১। জাতীয় সমুদ্র গবেষণা ইনস্টিটিউট স্থাপন (১ম পর্যায়)  | ১৪                         |
| অননুমোদিত প্রকল্প   |                            |
| ১। এস্টাবলিসমেন্ট অব সাউথ এশিয়া সাব রিজিওনাল ইকনোমিক কো-অপারেশন (S.A.S.E.C.) ইনফরমেশন হাইওয়ে (বাংলাদেশ পার্ট) | ১১                         |
| ২। ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি ট্রান্সফার   | ৭                          |
| ৩। বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি   | ৪, ৫                       |
| অপারেশন ইউনিট   |                            |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি  |                            |
| অননুমোদিত প্রকল্প   |                            |
| ১। জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এর মাধ্যমে কৃষি এবং শিল্প ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি                                       | ৬                          |
| অপারেশন ইউনিট   |                            |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার   |                            |

| অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম  | সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম |
|---|----------------------------|
| অননুমোদিত প্রকল্প   |                            |
| ১। বিজ্ঞান ভিত্তিক প্রদর্শনী বস্তু সংগ্রহের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে সুসজ্জিতকরণ | ১৩                         |

## ৫.২ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ বিদ্যমান নয়টি পরমাণু চিকিৎসা কেন্দ্র শক্তিশালীকরণের মাধ্যমে আরো অধিক সংখ্যক রোগীদের সেবা প্রদান করা হয়েছে এবং হচ্ছে। ফলে প্রতিষ্ঠানের আয়ও বৃদ্ধি পেয়েছে। নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের সম্ভাবনা চিহ্নিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন ও আলট্রাসাউন্ড শীর্ষক একটি গবেষণাগার প্রতিষ্ঠা করা হয়েছে এবং এর মাধ্যমে প্রায় ৪০ হাজার নবজাতকের রক্তের নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত তেজস্ক্রিয় পরিমাপক যন্ত্রের মান নিয়ন্ত্রণ এবং ক্রমাংকন সংক্রান্ত সেবা প্রদান করা হচ্ছে এবং এ্যাকটিভিশন এ্যানালাইসিসের মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে প্রাথমিক পর্যায়ের কার্যাবলি সম্পাদনে অগ্রগতি হয়েছে। রেডিয়েশন প্রসেসিং টেকনোলজির মাধ্যমে নানা উপকরণ তৈরি ও মান উন্নয়নমূলক ক্ষেত্রে প্রযুক্তিগত উন্নতিসহ মানব সম্পদের উন্নয়ন সম্ভব হচ্ছে।

### ৫.২.২ প্রধান কার্যসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

| প্রধান কার্যসমূহ  | কার্যক্রমের সম্ভাব্য ফলাফল   | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|---|--|---------------------------|
| ১. পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য বিজ্ঞান, জীব প্রযুক্তি ও তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা | <ul style="list-style-type: none"> <li>২০১১ সাল নাগাদ আন্তর্জাতিক মানসম্পন্ন একটি পূর্ণাঙ্গ ট্রেনিং ইনস্টিটিউট স্থাপন</li> </ul>   | ৩                         |
| ২. বিদ্যমান পরমাণু চিকিৎসা কেন্দ্রের সংস্কার ও যুগোপযোগীকরণ এবং নতুন পরমাণু চিকিৎসা কেন্দ্র স্থাপন        | <ul style="list-style-type: none"> <li>বিদ্যমান ৯টি পরমাণু চিকিৎসা কেন্দ্রের সংস্কার সাধন ও ১টি কেন্দ্রের আধুনিকীকরণ</li> <li>মহাখালীস্থ ক্যান্সার ইনস্টিটিউটে একটি নতুন পরমাণু চিকিৎসা কেন্দ্র স্থাপন এবং পেন্ট-সিটি স্থাপনা প্রতিষ্ঠা</li> </ul>   | ৭                         |
| ৩. ডায়াগনোস্টিক ল্যাবসমূহ এবং চিকিৎসা সেবায় ব্যবহৃত তেজস্ক্রিয় যন্ত্রপাতির মান নির্ধারণ                | <ul style="list-style-type: none"> <li>রেডিয়েশন সার্ভেমিটার, পকেট ডিসিমিটার, এরিয়া মনিটর ইত্যাদির ক্রমাংকন ও প্রমিতীকরণ</li> <li>ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত রেডিওথেরাপী সোর্স-এর (Telegraphy, Deep-therapy X-ray, Linear Accelerator, Brachytherapy ইত্যাদি) ক্রমাংকন, ডোজমাত্রা পরিমাপন ও মান নিয়ন্ত্রণ করার সুযোগ বৃদ্ধি</li> <li>ডায়াগনোস্টিকে ব্যবহৃত বিভিন্ন মানের (Quality) রেডিয়েশন বীম (X-ray, CT Scan, MRI, Mammography ইত্যাদি) -এর ক্রমাংকন ও মান নিয়ন্ত্রণ</li> </ul> | ৭                         |

| প্রধান কার্যসমূহ   | কার্যক্রমের সম্ভাব্য ফলাফল  | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|--|---|---------------------------|
| ৪. রেডিও আইসোটোপ উৎপাদনের মাধ্যমে রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান  | <ul style="list-style-type: none"> <li>● প্রয়োজনীয় আইসোটোপ সরবরাহের লক্ষ্যে টি.সি.-৯৯ কীট উৎপাদন গবেষণাগার স্থাপন</li> </ul>  | ৭                         |
| ৫. শল্য চিকিৎসায় ব্যবহৃত বিভিন্ন প্রকার টিস্যু গ্রাফট প্রস্তুত এবং বিকিরণের সাহায্যে জীবানুমুক্ত করে বিভিন্ন হাসপাতালে সরবরাহ করা | <ul style="list-style-type: none"> <li>● জাতীয় পর্যায়ে সেবা প্রদানের লক্ষ্যে গবেষণাগার সম্প্রসারণ</li> </ul>  | ৭                         |
| ৬. নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের প্রাদুর্ভাব সনাক্তকরণ   | <ul style="list-style-type: none"> <li>● নবজাতকের মধ্যে জন্মগত হাইপোথাইরয়েড রোগের ব্যাপারে বিভিন্ন মাধ্যমে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি</li> <li>● ১৪টি চিকিৎসাকেন্দ্রের পার্শ্ববর্তী এলাকার নবজাতকের মধ্যে এ রোগের সম্ভবনা চিহ্নিতকরণ ও প্রতিষেধকমূলক ব্যবস্থা গ্রহণ</li> </ul>  | ৭                         |
| ৭. রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্দেশ্যে প্রাথমিক কার্যাবলি সম্পাদন  | <ul style="list-style-type: none"> <li>● ১,০০০ মেগাওয়াট রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানের লক্ষ্যে অপরিহার্য কার্যাবলি সম্পাদন</li> </ul>   | ৮                         |
| ৮. পরমাণু কেন্দ্রসমূহ শক্তিশালীকরণ এবং নতুন পরমাণু কেন্দ্র স্থাপন  | <ul style="list-style-type: none"> <li>● ঢাকায় বিদ্যমান পরমাণু শক্তি কেন্দ্রের ভৌত অবকাঠামোর সংস্কার, গবেষণাগারের জন্য আধুনিক যন্ত্রপাতি, সরঞ্জামাদি ক্রয় এবং প্রতিস্থাপন, গবেষণাধর্মী বই-পুস্তক, জার্নাল, রাসায়নিক দ্রব্যাদি ইত্যাদি সংগ্রহকরণ</li> <li>● চট্টগ্রামে একটি নতুন পরমাণু শক্তি কেন্দ্র স্থাপন</li> </ul>   | ৮                         |
| ৯. নিউক্লিয়ার এ্যানালাইটিক্যাল পদ্ধতি প্রয়োগোপযোগী গবেষণাগার স্থাপন  | <ul style="list-style-type: none"> <li>● রেডিয়েশন প্রসেসিং টেকনোলজির মাধ্যমে নানা উপকরণ তৈরি, বিভিন্ন পদার্থের মান উন্নয়ন ও টেকসই করা, চিকিৎসা সামগ্রিকে জীবাণু ও দূষণ মুক্তকরণ, খাদ্যদ্রব্যের সুসংরক্ষণ ইত্যাদি কার্যক্রম পরিচালনায় প্রযুক্তিগত উন্নয়ন</li> <li>● রপ্তানিমুখী শিল্প-পণ্যের মান নিয়ন্ত্রণ ও নিশ্চায়ন এবং রপ্তানি প্রসারের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জন</li> <li>● গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নতুন অবকাঠামো তৈরি এবং মানব সম্পদ উন্নয়ন</li> </ul> | ৮                         |

| প্রধান কার্যসমূহ  | কার্যক্রমের সম্ভাব্য ফলাফল  | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য |
|---|---|---------------------------|
| ১০. জীবন সম্পদ ও পরিবেশ রক্ষা/উন্নয়নে পরমাণু প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ | <ul style="list-style-type: none"> <li>বিভিন্ন ক্ষেত্রে তেজস্ক্রিয় পদার্থ/ বিকিরণ উৎস ব্যবহারের ফলে সৃষ্ট বিকিরণ ঝুঁকি এড়ানোর লক্ষ্যে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ আইন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা, পরিদর্শন, মনিটরিং, লাইসেন্স ও পারমিট প্রদান</li> <li>আমদানিকৃত/রপ্তানিযোগ্য খাদ্যদ্রব্যে তেজস্ক্রিয়তার মাত্রা পরীক্ষণ</li> <li>বিকিরণ কর্মীদের বিকিরণ মাত্রা নির্ণয় করে নিরাপত্তা বিধানের ব্যবস্থাকরণ</li> <li>তেজস্ক্রিয় দুর্ঘটনা গবেষণা রিএক্টর এর এনালগ সিস্টেমকে পরিবর্তন করে পিসি ভিত্তিক আধুনিক ডিজিটাল কনসোল স্থাপন</li> <li>পানি, মাটি, বায়ু, শাক সবজি, ফলমূল ও অন্যান্য খাদ্য সামগ্রির বিভিন্ন নমুনা বিশ্লেষণের মাধ্যমে দূষণমাত্রা নির্ণয় ও নিয়ন্ত্রণের সুপারিশমালা প্রণয়ন</li> <li>পণ্য সামগ্রির মান নিয়ন্ত্রণ ও গুণাগুণ সম্পর্কিত নিশ্চয়তা বিধান করার পদক্ষেপ গ্রহণ ও এ সম্পর্কিত সেবাদান কার্যক্রম পরিচালনা</li> </ul> | ৮                         |

#### ৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

| ফলাফল নির্দেশক  | পরিমাপের একক | প্রকৃত ২০০৮-০৯ | লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০ | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা |         |         |
|---|--------------|----------------|----------------------|------------------------------|--------------------------|---------|---------|
|   |              |                |                      |                              | ২০১০-১১                  | ২০১১-১২ | ২০১২-১৩ |
